নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
Noakhali science and Technology University
Website : www.nstu.edu.bd
Noakhali-3814

জনসংযোগ ও প্রকাশনা দপ্তর
Public Relations & Publications Office
Phone:880-2334496581, Mobile: 880-01733998894
E-mail : pr@office.nstu.edu.bd

নোবিপ্রবি/জনওপ্রকা/সংবাদ-বিজ্ঞপ্তি/২০২৫/২২৫৪ ০৩ সেপ্টেম্বর ২০২৫

## সংবাদ বিজ্ঞপ্তি

# নোবিপ্রবিতে ডায়াগনস্টিক সেবার কার্যক্রম শুরু

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (নোবিপ্রবি) শহিদ মুগ্ধ মেডিকেল সেন্টারে ডায়াগনস্টিক সেবার কার্যক্রম শুরু হয়েছে। আজ বুধবার (০৩ সেপ্টেম্বর ২০২৫) বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল এর রক্তের নমুনা সংগ্রহের মাধ্যমে ডায়াগনস্টিক সেবার আনুষ্ঠানিক কার্যক্রম শুরু হয়।

এ সময় উপাচার্য এ সেবা কার্যক্রমের সঙ্গে সংশ্লিষ্টদের প্রতি ধন্যবাদ জ্ঞাপন করেন। ন্যূনতম খরচে এ সেবা গ্রহণের জন্য শিক্ষার্থী, শিক্ষক, কর্মকর্তা-কর্মচারী ও এলাকাবাসীর প্রতি আহ্বান জানান তিনি। এসময় উপাচার্য মানসম্মত সেবা প্রদানের মাধ্যমে বিশ্ববিদ্যালয় পরিবারের সদস্যসহ এলাকাবাসীর স্বাস্থ্যসেবার মনোন্নয়নের ওপর গুরুত্বারোপ করেন। পরে উপাচার্য ডায়াগনস্টিক সেবা কার্যক্রমের ল্যাবসমূহ ঘুরে দেখেন।

এ সময় অন্যান্যের মাঝে উপস্থিত ছিলেন উপ-উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ রেজওয়ানুল হক, কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মোহাম্মদ হানিফ, চিফ মেডিকেল অফিসার (প্রশাসনিক) ড. মোহাম্মদ মফিজুল ইসলামসহ শহিদ মুগ্ধ মেডিকেল সেন্টারের চিকিৎসক ও কর্মচারীবৃন্দ।

ইফতেখার হোসাইন
সহকারী পরিচালক (তথ্য ও জনসংযোগ)
মোবা- ০১৭৩৩৯৯৮৮৯৪